আমেরিকার পাশে
নবনীতা বসুহক

।। পাতাল প্রবেশে যাবেই ।।

আমার পূর্বপু ষ ছিল যাযাবর। সংক্ষেপে বেদে, অর্থাৎ বেদে বংশে জনপ্সন্দ্ব আমার। কিন্তু তিনপু ষ আমরা যাযাবর বৃত্তি ত্যাগ করেছি। আমার বাবা চাকরি করত। আর তার বাবা ব্যবসা। আমি চাকরি খুঁজছি। মলি আমার প্রেমিকা। মলি রোজ তাড়া দেয় - চাকরি কর, চাকরি কর। ওকে কে বোঝায় কত খুঁজছি। তবু পাচ্ছি না। মলি প্রায় শোনায়, আজ আমাকে দেখতে এসেছিল। পাত্র পক্ষের পছন্দ হয়ে গেছে। এসব শুনেও নির্বিকার থাকি। হাজার হলেও বেকার ছেলে।

আর মলি বলে, তুমি আমায় ছাই ভালোবাসো। ভালোবাসলে একটা চাকরি ঠিকই জোগাড় করতে। এইস ব বলেই ফুঁপিয়ে ফুঁপিয়ে চলে যায় মলি। আমার কিছু করার থাকে না, বলবারও নয়।

অবশেষে লামার্টিনিয়ার কোম্পানিতে একটা চাকরি পেলাম। মলি ভাবল বিশাল চাকরি। জেরক্স করি। অ্যাসিসেন্ট। মাইনে বিয়ে করার জায়গা পৌঁছালো না।

মলির তাড়াতে তবু ওর বাড়ি গেলাম। প্রস্তাব দিতে। বিয়ে করার।

মলিদের বাড়িতে বিশাল একটা কুকুর। ওর নাম পাতাল। প্রথমেই প্রচণ্ড জোরে চিৎকার করতে লাগল। আমার কুকুরকে খুব ভয় করে। আমি ভয়ে ঢুকলাম না। অথচ মলি নির্বিকারভাবে পাতালের কাছে গেল। গলায় হাত বোলাতে লাগল। বলল, শান্ত হয়ে যাও, শান্ত হয়ে যাও। আশ্চর্য পাতাল ঠাণ্ডা হয়ে গেল। মলি বলল, তুমি যাও, আমি পাতালের কাছে একটু বসি।

আমি দাঁড়িয়েই থাকলাম। মলির কাণ্ডজ্ঞান ভীষণ কম। কাউকে বাড়ি নিয়ে এলে যে তাকে সঙ্গে করে নিয়ে যেতে হয় ওসব জানে না। কিম্বা এখন ওর মনেই নেই আমি প্রথম এসেছি। মিনিট পাঁচেক পর ওর আদর শেষ হল। আদুরে আদুরে গলায় বলল

-জানো পাতালকে কেন এত ভালবাসি?

-ও ঠিক তোমার মত বিহেভ করে।

আমি ঢোঁক গিললাম। কোনরকমে।

মলির বাবাকে খুব অভিজাত মনে হল। হাজার হলেও বনেদি বংশ। ড্রেসিং গাউন। মুখে চু ট। মলির মা'র ফটো দেখলাম। অল্প বয়সের ছবিতে স্থির। মলির বাবা অভিনেতা কমল মিত্র টাইপের গলা করে বললেন, পড়াশোনা?

বললাম।

কি করা হয়?

বললাম।

বাবা মা কি করতেন?

মারামারি নয়।

বলেই খেয়াল হল কমল মিত্র টাইপের একটা লোকের সঙ্গে কথা বলছি। যে কোন মুহূর্তে নাৎসিবাহিনীর মেজর হয়ে
যেতে পারে।
মলি মলি - বাবার ধমকানি শুনে মলি এলো। হাতে চিনির কৌটোটা তখনও ধরা।
তুমি কাকে ধরে এনেছ? তুমি কি ভাবছ চৌধুরী বাড়ির একমাত্র মেয়ের বিয়ে হবে যাযাবরের সঙ্গে?
আমার গায়ে লাগল। বললাম, আমি যাযাবরই। কিন্তু ছোটলোক নই।
তোমার এতবড় স্পর্ধা! আমি 'দ্য রয়েল' -এর ডিরেক্টর। আমার মুখের উপর কথা বলছ!
আমি আপনার আণ্ডারে চাকরি করি না।
মন খারাপ করে বাড়ি চলে এলাম। মলি ফোন করে প্রায়। তুমি বাবার কাছে ক্ষমা চেয়ে নাও। বাবা খুব নরম মনের। আর আমার জন্যে বাবাকে তো রাজি হতেই হবে। তুমি এত গোঁয়ার কেন?
মলির কথাতে আর গলি না। কয়েকদিন বাদে নাৎসিবাহিনীর মেজর এলেন। যথাসম্ভব ৯ই মে'র আত্মসমর্পণকারী। বললেন, বাবা একটা অনুরোধ রাখ।
কী
মলি এখন খায় না। কেবল চোখের নিচে কালি জমছে। মা মরা একমাত্র মেয়ে আমার। বুঝতেই তো পারছ।
কি করতে হবে?
তুমি যাযাবর না হলে তো কোন কথা ছিল না। আচ্ছা বাবা, তোমাদের লা মার্টিনিয়ারে সবরকম জেরক্স হয়? বিদেশে
যেমন হয় আর কি? মানুষের জেরক্স।
হয়।
তোমার শরীরের একটা জেরক্স করিয়ে দাও না। দেবে?
পরাজিত সৈনিক। মায়া হল। আজ মলির জন্য খুব কষ্ট হল। ও-ও কি আমার জেরক্স চায়? জিজ্ঞাসা করলাম।
মলিকে বোঝাতে সে রাজি। ও বলছিল, হ্যাঁ বাবা ওর মধ্যে নিষ্ঠুরতা আছে। ওর বংশেরও দোষ আছে। ও যদি আমায় বিষলক্ষের ছুরি মারে।
'মলিও' -আমি চেঁচিয়ে উঠলাম। পরাজিত সৈনিককে বললাম না যে, মানুষের শরীরের জেরক্স আমাদের কোম্পানিই এদেশে প্রথম করেছে। কিন্তু বিদেশের মত নিখুঁত হচ্ছে না। এদেশে জেরক্স করালে অরিজিন্যাল -এর লাংস খারাপ হয়ে যেতে পারে। মাথায় সমস্যা হতে পারে।
অনেকদিন বাদে মলির সঙ্গে দেখা। ও বলল, এ কী! তোমার চেহারা এত খারাপ হয়ে যাচ্ছে কেন?
জেরক্স খারাপ
হয়ে যেতে পারে।

বললাম, মলি, আমি জাতে তবু বেদে। কিন্তু জেরক্সের তো কোন বংশপরিচয় থাকবে না। মলি বলল সোৎসাহে, ধ্যুৎ তুমি কিছু জানো না। জেরক্স বাবা মা দুই পাবে। বংশ পাবে। বাবার বন্ধু আছে না, সেই মল্লিক কাকু গো। জেরক্স কপিকে ওরা দত্তক নেবে। গদগদ হয়ে বলল, জেরক্স কপির নাম রাখব প্রবেশ।
নির্দিষ্ট দিনে জেরক্স করানো হল আমার। মাথায় জেরক্স করবার সময় লাগছিল। আমাকে অজ্ঞান করা হয়নি। তাহলে কপিও অজ্ঞান থাকবে সবসময়। বুকে যন্ত্রণা হচ্ছিল। কিন্তু মলির জন্যই কষ্ট সহ্য করছিলাম। সব যন্ত্রণা যে নীল আনন্দ হয়ে যাচ্ছিল। জেরক্স কপি কেমন হল কে জানে?
দিন দুই পরে। মলির ফোন। তুমি যে এত নিষ্ঠুর জানতাম না! বাবা ঠিকই বলে। বেদের বংশের ছেলে তো
। রক্তের দোষ
যাবে কোথায়? অন্যের মেয়ে চুরি করাই তোমাদের কাজ। কারোর ভাল চাইতে জানো?
বুঝতে পারলাম না মলির একরাশ অভিযোগ বর্ষণের কারণ কি?
ওই বলল জেরক্স কপির খুব রাগ। একদম সহ্যশক্তি নেই। মল্লিক কাকুদের উপর অত্যাচার করছে।
জ্বালাচ্ছে। বলছে, আমায় বিষলক্ষের ছুরি মারবে।
ও যা বলল এককথায় প্রবেশ আমার বিপরীত, ওরা প্রবেশকে সাইকোলজিস্ট দেখিয়েছে। তিনি বলেছেন, প্রবেশ অরজিন্যালের ভেতরের রূপ।
মলি বলল, আমায় আরো একটা জেরক্স কপি দাও।
বিজ্ঞাপন জগতে জেরক্স কপির প্রচার বাড়ছেই কিন্তু বিজ্ঞাপনের নিচে লেখা থাকে, জেরক্স করালে লাংসের ক্ষতি হতেপারে। মাথায় রোগ হতে পারে। মলির চোখে এসব কি পড়ে না? তাছাড়া জেরক্স যদি এভাবে বাড়ে, জনসংখ্যা কত বাড়বে। সে খেয়াল আছে ওর? অবশ্য থাকার কথা নয়। দ্য রয়েল কোম্পানি'র ডিরেক্টরের একমাত্র মেয়ে যে। এরা খেয়ালিপনা করতেই পারে। ফলের কথা ভাবে না।
বললাম, এ সমস্যা তো তোমার একার নয়
মাঝেমাঝেই ফোন করে মলি, কিম্বা নাৎসিবাহিনীর পরাজিত সৈনিক। কেবল জেরক্স দাও। জেরক্স দাও। দেশের সমস্যাও বাড়ছে। ফোনের কল বাড়ছে। জনস্যংখ্যা বাড়ছে। কেবল মলির মত খামখেয়ালী মানুষদের জন্যে। আর নাৎসি - বাহিনীর মত জাতবিদ্বেষী লোকদের জন্যে।
অনেকদিন বাদে মলির একটা ফোন পেলাম। খুব ভাল লাগল। কতদিন পর আবার মলির গলা শুনলাম।
মলি বলল,
কাল আমরা যাচ্ছি।
কোথায়?
স্টেটসে।
কেন?
প্রবেশকে পাশুড্রাতে।
কি করে?
তোমার পাতালকে মনে আছে? আমাদের সেই কুকুর। পাতালের স্বভাবটা ওর মধ্যে ঢোকাতে হবে। আর প্রবেশের স্বভাবটা ওর মধ্যে থেকে বার করে ফেলতে হবে। এই অপারেশনটা আমাদের দেশে হ'বে না।

হয় কেবল নিউজার্সিতে। তোমার সঙ্গে আর দেখা হবে না।
দেখা হবে না কেন? ফিরবে তো, অপারেশনের পর।
না গো। ডক্টর কাকুর পরামর্শ প্রবেশের এদেশের ওয়টার স্যুট করছে না। ওদেশের ওয়েদার ওর পক্ষে না কি
স্যুটেবেল। তাই ওখানেই আপাতত সেটেল করছি।